

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
www.ecs.gov.bd

নং:- ১৭.০৩.৪৬৬১.০০০.৩৬.০১৭.১৮. ৬৭


তারিখ: ১২/১১/২০১৮ খ্রি:

বিষয় : একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত কর্মকর্তা ও কর্মচারীদের বদলীর আদেশ স্থগিত পরিপত্র জারী।

সূত্র-১ : নং:- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৮.৬৬১, তারিখ: ১১ নভেম্বর ২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি জারী হওয়ার পরিপ্রেক্ষিতে নির্বাচন পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ কিছু কার্যক্রম জরুরি ভিত্তি সম্পন্ন করতে হবে। পরিকল্পনা মারফত কার্যক্রম গ্রহণের জন্য পরিপত্রে উল্লিখিত কাজগুলো প্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এবং ৫ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের আবশ্যিকীয় কর্তব্য। নির্বাচনি সময়সূচী জারীর পর নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, (১৯৯১ সনের ১৩ নং আইন) এর ৪(৩) ধারা অনুসারে নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী স্থায় চাকুরীর অতিরিক্ত দায়িত্ব হিবেবে নির্বাচন কমিশনের অধীনে শ্রেষনে নিয়োজিত আছেন বলে বিবেচিত হবেন। উক্ত আইনের ৪(২) ধারা অনুযায়ী কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা নিযুক্ত হলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে নির্বাচন কর্মকর্তা হিসেবে কোন দায়িত্ব পালনের ব্যাপারে বাধা দিতে পারবেন না বা বিরত রাখতে পারবেন না। একমাবস্থায়, জাতীয় সংসদের সাধারণ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ বা উক্ত তারিখের পর আদেশের ৪ই অনুচ্ছেদে উল্লিখিত কোন কর্মকর্তাকে এবং রিটার্নিং অফিসার কর্তৃক প্রস্তুতকৃত প্যানেলভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে রিটার্নিং অফিসারের পর্বানুমোদন ব্যতীত নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত বদলী করা যাবে না।

উল্লেখ্য যে, সকল কর্মকর্তা কর্মচারীগনকে নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচন অফিসের পর্বানুমোদন ব্যতীত ছুটিতে না যাওয়ার জন্য অনুরোধ করা হল।


(জাহিদ ইকবাল)

সহকারি রিটার্নিং অফিসার

ও

উপজেলা নির্বাহী অফিসার

লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

প্রাপক :

লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

নং:- ১৭.০৩.৪৬৬১.০০০.৩৬.০১৭.১৮. ৬৭

তারিখ: ১২/১১/২০১৮ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-


১। অঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৩। জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪। ইনচার্জ, লক্ষীছড়ি থানা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

৫। অফিস নথি।


সহকারি রিটার্নিং অফিসার

ও

উপজেলা নির্বাহী অফিসার

লক্ষীছড়ি, খাগড়াছড়ি।